

চীনের পর্যটনে নতুন আকর্ষণ

- A Monitor Desk Report

Date: 27 November, 2024



বেইজিং : চীনের পর্যটন মানচিত্রে নতুন এক রোমাঞ্চকর জায়গার খোঁজ পাওয়া গেছে। এটি হলো ৫ হাজার ফুট উঁচুতে দুটি পাহাড়ের মাঝে তৈরি করা একটি সিঁড়ি। এটি 'স্কাই ল্যাডার' নামে পরিচিত। এই সিঁড়িতে চড়তে গেলে আপনি আকাশে হাঁটার মতো অনুভূতি পাবেন।

চীনের হনান প্রদেশের ঝাংজিয়াজি ন্যাচার পার্কে অবস্থিত এ আকর্ষণ তরুণ পর্যটকদের মধ্যে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এই এলাকাটি মূলত খাড়া পাহাড় এবং বিচিত্র প্রাকৃতিক দৃশ্যের জন্য বিখ্যাত।

স্কাই ল্যাডার তৈরি করা হয়েছে ভায়া ফেরাটা স্টাইলে, যেখানে পাহাড়ের খাড়া পাথুরে দেয়ালে স্টিলের হ্যান্ডরেল, ফুটরেস্ট এবং নিরাপত্তা তার ব্যবহৃত হয়েছে।

চায়না সামাজিক যোগাযোগ মাধ্যম ডুইইনে (টিকটকের চায়না সংস্করণ) ভাইরাল এক ভিডিওতে ব্যবহারকারী হে কিয়ান দেখান, কীভাবে তার ৯ বছর বয়সী ছেলে ল্যাডারে বসে শান্তভাবে জায়গাটির উচ্চতা উপভোগ করছে।

সোশ্যাল মিডিয়ায় এই সিঁড়ির ভিডিও ভাইরাল হওয়ার পর থেকে এর জনপ্রিয়তা বেড়েছে। অনেকেই এই সিঁড়িতে চড়তে গিয়ে ভিডিও করে সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন।

এই সিঁড়িতে চড়তে প্রতিদিন গড়ে ১ হাজার ২০০ জন পর্যটক আসেন। অনেক সময় এখানে এত ভিড় হয় যে আকাশে মানুষের জট লেগে যায়। জনপ্রিয়তার কারণে চীনের সামাজিক যোগাযোগ মাধ্যমে এটি একটি আলোচিত বিষয় হয়ে দাঁড়িয়েছে।

এই অভিজ্ঞতার জন্য প্রায় ৮০ ডলার খরচ করতে হয়। আর চড়ার সময় পর্যটকদের আশ্বস্ত করতে সারবক্ষণিক কোচের তত্ত্বাবধান থাকে।

